AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 27-06-24 **Desk in Charge :**

Time : 7-50 P.M. **Compiling :**

Morning /Day /Evening National/ Regional/ General

Opening Announcement – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ হকারদের স্বার্থরক্ষা করেই ফুটপাথ এবং সরকারি জায়গা দখলমুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। # আপাতত একমাস এই উচ্ছেদ অভিযান বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন তিনি। # বিকল্প জায়গার বন্দোবস্ত করতে গঠন করা হয়েছে একটি কমিটি। # বিজেপি, হকার উচ্ছেদ নিয়ে মুখ্যমন্ত্রীর নির্দেশের তীব্র বিরোধিতা করে বলেছে, এটি সম্পূর্ণ মানবতা-বিরোধী। # এদিকে, মুখ্যমন্ত্রীর নির্দেশের পর আজ'ও জেলায় জেলায় চলেছে উচ্ছেদ অভিযান।

২/ বেআইনী দখলদারির বিরুদ্ধে অভিযানের মধ্যেই কলকাতা সহ রাজ্যের সর্বত্র বেআইনী পার্কিং'ও তুলে দেবার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এজন্য ১৫ দিনের মধ্যে পুলিশ প্রশাসনকে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

৩/ রাজ্যের চারটি বিধানসভার উপ নির্বাচনে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন।

৪/ বরানগর ও ভগবানগোলা বিধানসভার উপ নির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণ নিয়ে জটিলতা, এখনো কাটেনি।

৫/ রাজ্যে রেশন দুর্নীতির সঙ্গে যুক্ত হাজার খানেক চাল ও গমকলের তালিকা তৈরী করেছে ইডি।

****

হকারদের স্বার্থ রক্ষা করেই ফুটপাথ এবং সরকারি জায়গা দখলমুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। নবান্নে আজ এক বৈঠকে তিনি আপাতত একমাস উচ্ছেদ অভিযান বন্ধ রাখার নির্দেশ দেন। এই সময়ের মধ্যে হকারদের মালপত্র গুটিয়ে রাস্তা থেকে সরে যেতে হবে। (বাইট- মমতা)

রাজ্যের বিভিন্ন পুরসভার মেয়র, জেলা শাসক ও পুলিশ কর্তাদের নিয়ে ঐ বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, হকার উচ্ছেদ তাঁর উদ্দেশ্য নয়। তবে রাস্তা ও সরকারি জায়গা জবরদখল কখনোই মানা হবে না। তিনি আরও বলেন, কারও রুটি রুজি কেড়ে নেওয়ার অধিকার সরকারের নেই। কিন্তু আইন মানতে হবে, সৌন্দর্য্য বজায় রাখতে হবে।

হকারদের জন্য বিকল্প জায়গার ব্যবস্থা করতে মুখ্যমন্ত্রী একটি কমিটি গঠন করেছেন। কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের নেতৃত্বে ওই কমিটি হাতিবাগান, ধর্মতলা, গড়িয়াহাট এলাকায় সমীক্ষা চালাবে। তার পর এবিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। প্রত্যেক জেলায় হকারদের জন্য জায়গা নির্দিষ্ট করতে পুর সচিব জেলায় জেলায় সমীক্ষা চালাবেন। তিনমাসের মধ্যে সমীক্ষা করে পুনর্বাসনের ব্যবস্থা নেওয়া হবে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ১২৮টি আর্বান লোকাল বডি এলাকায় হকার ভেন্ডিং কমিটি তৈরির কথা বলা হয়েছে। এবার সেই কমিটিকেও নজর রাখতে হবে। আজকের বৈঠকে মুখ্যমন্ত্রী সমস্ত পুর এলাকায় ফুটপাথে হকার বসার সুনির্দিষ্ট নিয়ম করে দেওয়ার’ও নির্দেশ দেন। তিনি বলেন, আগুন লাগার ঝুঁকি কম এমন জিনিষ দিয়ে স্টল বানাতে হবে। প্রতিটি স্টলের’ই নম্বর থাকবে। এক একজন হকার একটি করেই স্টল পাবেন। বৈধ হকারদের চিহ্নিত করতে পরিচয়পত্র দিতে বলা হয়েছে। এছাড়াও, গত দুদিনে যে হকারদের সরিয়ে দেওয়া হয়েছে, তাঁদের একটি তালিকা তৈরী করতে বলেছেন মুখ্যমন্ত্রী। তাঁরা স্থানীয় বাসিন্দা কিনা তা’ খতিয়ে দেখার পাশাপাশি তাঁদের আর কোনো রোজগারের পথ আছে কিনা, সেকথাও বিবেচনা করে দেখা হবে। প্রয়োজনে

অন্য জায়গায় তাঁদের দোকান করতে দেওয়া হবে। স্থানীয় নেতা ও পুলিশ যাতে হকারদের কাছ থেকে চাঁদা না তোলে সেব্যাপারেও কড়া হুঁশিয়ারি দেন তিনি।

****

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, হকার উচ্ছেদ নিয়ে মুখ্যমন্ত্রীর নির্দেশের তীব্র বিরোধিতা করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, এই অভিযান সম্পূর্ণ মানবতা বিরোধী এবং সরকার ও শাসক দলের দম্ভের প্রতিফলন। আগামীকালের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা না হলে, যেখানে এই ধরণের অভিযান চলবে, সেখানে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান তিনি।

(বাইট- শুভেন্দু)

****

মুখ্যমন্ত্রীর নির্দেশের পর কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আজ'ও দখলদার উচ্ছেদ চলেছে। বেআইনি দখল হঠাতে কলকাতার মাঝেরহাট ও তারাতলায় পুলিশ সমস্ত দোকানপত্র বুলডোজার দিয়ে ভেঙে দিচ্ছে। তারাতলায় বেআইনিভাবে তৈরী বিজেপির অফিস'ও ভেঙে দেওয়া হয় বলে জানা গেছে।

বরাহনগরের ডানলপ মোড়ে আজ সকাল থেকে চলে হকার উচ্ছেদের কাজ। ৫০ জন হকারকে উছেদ করা হয়। গড়িয়া ও সোনারপুর এলাকাতেও চলে উচ্ছেদ অভিযান। গড়িয়া বাজার, কবি নজরুল মেট্রো ষ্টেশন এলাকায় ফুটপাথ দখলমুক্ত করা হয়। গড়িয়া থেকে NSC বোস রোড ধরে মহামায়াতলা পর্যন্ত এই অভিযান চলে। সোনারপুর বাজার এলাকায় উচ্ছেদ অভিযান সরেজমিনে খতিয়ে দেখেন রাজপুর-সোনারপুর পুরসভার পুরপ্রধান পল্লব কুমার দাস।

শিলিগুড়িতে হাসপাতাল মোড় সংলগ্ন এলাকায় ফুটপাথ দখলমুক্ত করতে পুরসভার অভিযান চালানো হয়। যে সমস্ত ব্যবসায়ী সেখানে পসরা সাজিয়ে বসেছিলেন, তাঁদের জিনিসপত্র সরিয়ে দেওয়ার পাশাপাশি ব্যবসায়ীদের সতর্ক করা হয়। এছাড়াও শিলিগুড়ি পুর নিগমের অন্তর্গত শেঠ শ্রীলাল মার্কেট এলাকাতেও অভিযান চলে। ওই মার্কেটের অবৈধভাবে তৈরী দোকান JCB মেশিন দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়।

বেআইনীভাবে জমি দখলের অভিযোগে জলপাইগুড়ির ডাবগ্রাম-ফুলবাড়ির দাপুটে তৃণমূল কংগ্রেস নেতা দেবাশিস প্রামাণিককের সঙ্গে বিমল রায় ও মহম্মদ কালাম নামে আরো দু’জনকে পুলিশ গ্রেপ্তার করেছে।

ধৃত তিনজনকে আজ জলপাইগুড়ি আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

শাসকদলের এই ব্লক সভাপতি দেবাশিস প্রামাণিক ও বাকি দুজনের বিরুদ্ধে জমি জবরদখল ছাড়াও প্রাণে মারার হুমকি সহ একাধিক অভিযোগ রয়েছে।

****

বেআইনী দখলদারির বিরুদ্ধে অভিযানের মধ্যেই কলকাতা সহ রাজ্যের সর্বত্র বেআইনী পার্কিং তুলে দেবার’ও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ওই নির্দেশ কার্যকর করে ১৫ দিনের মধ্যে পুলিশ প্রশাসনকে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

নবান্নে আজকের বৈঠকে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, টাকা নিয়ে বেআইনীভাবে পার্কিং করা চলবে না। এধরণের বেআইনী পার্কিং নজরে এলেই রাজনৈতিক রঙ না দেখে তা’ তুলে দিতে হবে। তবে বেশীরভাগ জায়গাতেই বিজেপির লোকেরা এধরণের বেআইনী পার্কিং চালায় বলে মুখ্যমন্ত্রীর দাবী।

(বাইট- মমতা পার্কিং)

কলকাতায় বেআইনী পার্কিং-এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য নগরপাল বিনীত গোয়েল এবং জেলাগুলির ক্ষেত্রে ADG আইন শৃঙ্খলা মনোজ ভার্মার ওপর দায়িত্ব দেন মুখ্যমন্ত্রী। বেআইনী পার্কিং-এর সংখ্যাও তাঁদের জানাতে বলা হয়েছে।

তিনি এও বলেন, যদি কোথাও দেখা যায় আইন মেনে পার্কিং-এর ব্যবস্থা করা যাবে, তাহলে কেন্দ্রীয়ভাবে টেন্ডার ডেকে স্বচ্ছতার সঙ্গে তার ব্যবস্থা করতে হবে। কিন্তু এও দেখতে হবে, সেখানে পার্কিং করলে যানজট বা অন্য কোনো

সমস্যা হচ্ছে কিনা। কেন্দ্রীয়ভাবে দরপত্র আহ্বানের জন্য একটি কমিটিও তৈরী করেছেন মমতা।

****

পশ্চিম বর্ধমানের আসানসোলে পুকুর ভরাট করে RSS-এর তিনতলা ভবন তৈরির অভিযোগ খতিয়ে দেখতে, পুর নিগম, ভূমি ও ভুমি রাজস্ব বিভাগ ও পুলিশের আধিকারিকরা আজ সেখানে যান। বিভিন্ন নথিপত্র তাঁরা দেখতে চেয়েছেন।

সংগঠনের পক্ষে আইনজীবী জানান, পুকুর ভরাট করে যে এই ভবন হয়নি, সে সংক্রান্ত সব নথি'ই তাঁদের কাছে আছে, তবে সেগুলি পেশ করার জন্য তাঁরা ১৫ দিন সময় চেয়েছেন।

****

রাজ্যের চারটি বিধানসভার উপ নির্বাচনে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রইলেন। এর মধ্যে উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, উত্তর ২৪ পরগণার বাগদায় ও কলকাতার মানিকতলায় ৯'জন করে এবং রাণাঘাট দক্ষিণে ৭'জন প্রার্থী হয়েছেন।

উল্লেখ্য, এই চার আসনে ভোট নেওয়া হবে ১০ই জুলাই। প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা শেষ হয়েছে গতকাল। ভোট গণনা ১৩'ই জুলাই।

****

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণ নিয়ে রাজ্যপালের ভূমিকার কড়া সমালোচনা করেছেন। তিনি বলেছেন, রাজ্যপালের উচিৎ অধ্যক্ষ বা উপাধ্যক্ষকে শপথবাক্য পাঠ করানোর দায়িত্ব দেওয়া।

অন্যদিকে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ এক্স হ্যান্ডেলে এক বার্তায় বলেন, সংবিধানের ১৮৮ নম্বর ধারা অনুযায়ী রাজ্য বিধানসভা বা বিধান পরিষদের প্রত্যেক সদস্যকে সভাকক্ষে বসার আগে শপথ গ্রহণ করতে হবে। শপথ না নিয়ে সভাকক্ষে সদস্য হিসেবে বসলে বা ভোটাভুটিতে অংশ নিলে

সংশ্লিষ্ট সদস্য দিন প্রতি ৫০০ টাকা জরিমানা দিতে বাধ্য থাকবেন বলে ১৯৩ ধারায় উল্লেখ রয়েছে। এই অর্থ ঋণ হিসেবে রাজ্যের কাছ থেকে আদায় করা হবে।

নব নির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ করানোর রেওয়াজ সম্পর্কে অধ্যক্ষ তাঁর চিঠিতে যা বলেছেন, তা ব্যাখ্যাতীত বলে মন্তব্য করেছেন রাজ্যপাল।

এদিকে, বরানগর কেন্দ্রে নির্বাচিত সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলা কেন্দ্রের জয়ী প্রার্থী রেয়াত হোসেন সরকার, শপথ গ্রহন করানোর দাবীতে আজ বিধানসভা ভবন চত্বরে আম্বেদকারের মূর্তির সামনে ধর্ণায় বসেন।

****

বিজেপি, আগামী রবিবার ৪ ঘন্টার জন্য রাজভবনের সামনে ধর্নায় বসতে পারে বলে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত আজ কলকাতা হাইকোর্টে জানান। ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনের সামনে ধর্নায় বসতে চেয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পুলিশ অনুমতি না দেওয়ায় তিনি হাইকোর্টে আবেদন করেন। সেই শুনানির সময় রাজ্যের তরফে আজ এই প্রস্তাব দেওয়া হলে বিরোধী দলনেতার আইনজীবী জানান, পূর্ব নির্ধারিত কর্মসূচি থাকায় রবিবার ওই কর্মসূচি পালন করা সম্ভব নয়। বিজেপি অন্য একটি দিন ধর্নায় বসতে চাওয়ায় রাজ্যের মতামত পরে জানানো হবে বলে আদালতে জানান অ্যাডভোকেট জেনারেল।

এর আগের শুনানিতে রাজভবনের বিকল্প হিসেবে রাজ্য পুলিশের ডিজির দফতরের সামনে ধর্নায় বসার আবেদন জানিয়েছিলেন বিরোধী দলনেতা।

****

বিধানসভার শিল্প ও বাণিজ্য বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান, মুর্শিদাবাদের নবগ্রামের বিধায়ক কানাইচন্দ্র মন্ডল কারখানা পরিদর্শনে বেরিয়ে আজ গলসীর কাছে রাস্তায় অসুস্থ হয়ে পড়েন। তাঁকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে, তাঁর অবস্থা এখন স্থিতিশীল বলে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জয়রাম হেমব্রম জানিয়েছেন।

****

রেশন দুর্নীতির সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত হাজার খানেক চাল ও গমকলের তালিকা তৈরী করেছে ইডি। সূত্রের খবর, এই কেলেঙ্কারীতে প্রাক্তন খাদ্য ও সরবরাহ মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক সহ জেলবন্দী অভিযুক্তদের সঙ্গে যোগাযোগ থাকার ভিত্তিতে তালিকাটি তৈরী করা হয়েছে।

জানা গেছে, ন্যায্য মূল্যে খাদ্যশস্য বন্টন ব্যবস্থায় ভালোমানের চাল ও গম সংগ্রহ করে এসব মিলে পাঠানো হত। রেশনে দেবার বদলে এই চাল গম খোলা বাজারে বেশী দামে বা প্যাকেটজাত করে কর্পোরেট সংস্থার কাছে বিক্রি করা হতো। তদন্তকারীরা এ ব্যাপারে সব নথি সংগ্রহ করেছেন। তার ভিত্তিতে তালিকাভুক্ত মিল মালিকদের জিজ্ঞাসাবাদ করা হবে বলে ইডির আধিকারিকরা জানিয়েছেন।

****

নদীয়ার কৃষ্ণনগরে হেলেন কেলার স্মৃতি বিদ্যামন্দিরে ২০ শয্যা বিশিষ্ট এক ছাত্রী আবাসের আজ সূচনা হয়েছে। এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন অতিরিক্ত জেলাশাসক ইজাজ আহমেদ।

কেন্দ্রীয় সরকারের সমাজ কল্যাণ দপ্তরের আর্থিক সহায়তায় ও রাজ্য সরকারের জনশিক্ষা প্রসার দপ্তরের অধীনে এই বিদ্যালয়ে প্রাথমিক স্তর থেকে নিম্ন মাধ্যমিক স্তর পর্যন্ত বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্রছাত্রীদের পঠন-পাঠন হয়। এতদিন এখানে ছাত্রদের জন্য পৃথক ছাত্রাবাস থাকলেও ছাত্রীদের জন্য কোনো আবাস ছিল না।

****

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে আজ ডায়মন্ড হারবার এফ সি ২-১ গোলে ইউনাইটেড স্পোর্টস ক্লাবকে হারিয়ে দিয়েছে।

সুরুচি সংঘ একই ব্যবধানে কালীঘাট মিলন সংঘকে পরাজিত করেছে।

****